প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
(Bengali)

1. Fair Fares NYC (FFNYC) কী? 4
2. FFNYC কি মেট্রো কার্ডের থেকে পরিবর্তিত হয়ে One Metro New York (OMNY) হচ্ছে? 4
3. আমাকে কি আমার FFNYC ছাড় OMNY-তে পরিবর্তন করতে হবে? 4
4. আমি কি আমার FFM থেকে টাকা আমার FFNYC OMNY কার্ডে (FFOC) ট্রান্সফার করতে পারি? 5
5. কীভাবে FFNYC ছাড় কাজ করে? 5
6. অংশগ্রহণ করার জন্য কারা যোগ্য? 6
7. আমি বর্তমানে MTA Reduced-Fare কর্মসূচীতে অংশগ্রহণ করছি। আমি কি FFNYC ছাড় পাওয়ার যোগ্য? 6
8. আমার অভিবাসন স্থিতি কি এই ন্যায্য ভাড়া NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে? 7
9. আমি কীভাবে একটি FFNYC ছাড়ের জন্য আবেদন করতে পারি? 7
10. আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব? 7
11. আমি একবার অনুমোদিত হয়ে গেলে কতদিন আমি FFNYC কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারি? 7
12. কখন আমি আমার FFNYC ছাড় পাব? 8
13. আমি FFNYC-এর জন্য অনুমোদিত হয়েছিলাম, কিন্তু ডাকযোগে কোনো OMNY কার্ড পাই নি। আমার কী করা উচিত? 8
14. nyc.gov/accessfairfares ওয়েবসাইট খুলতে আমার সমস্যা হচ্ছে। আমি কীভাবে সহায়তা পেতে পারি? 8
15. আমার FFNYC আবেদন সম্পূর্ণ করায় সাহায্য লাগবে। আমাকে কে সাহায্য করতে পারবেন? 8
16. আমি একটি সাধারণ পোস্ট অফিস (Post Office) বক্সে চিঠি পাই। আমি কীভাবে আমার Fair Fares OMNY কার্ড পাব? 9
17. আমার চিঠি পাঠানোর ঠিকানা আমি কীভাবে আপডেট করব? 9
18. আমার Fair Fares-এর জন্য করা আবেদন প্রত্যাখ্যান করে দেওয়া হয়েছে। আমি কীভাবে আরও তথ্য পেতে পারি? 9

19. আমার বয়স, NYC-এর আবাসন এবং উপার্জন যাচাই করার জন্য আমার কোন নথিপত্র প্রয়োজন হবে? 9
20. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব? 9
21. আমি আমার নথিপত্র জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে তা জমা দেওয়া যায় নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি? 10
22. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব? 10
23. নথিপত্র জমা দেওয়ার কোনো সময়সীমা আছে কি? 10
24. সময়মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে? 10
25. আমাকে কি একটি OMNY অ্যাকাউন্ট তৈরি করতে হবে? 11
26. আমি আমার FFOC ক্রমিক সংখ্যা কোথায় খুঁজে পাব? 11
27. OMNY ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর কী এবং আমি সেটি কোথায় দেখতে পাব? 12
28. আমার পরিবারের কোনো সদস্য অথবা বন্ধুবান্ধব আমার FFOC, আমার ডেবিট বা ক্রেডিট কার্ড, বা ছাড়ের সাথে মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারে? 12
29. আমি কি NYC-এর সব সরকারি পরিবহণ ব্যবস্থায় আমার Fair Fares ছাড় ব্যবহার করতে পারব? 13
30. আমার FFOC কার্ডে আমি কীভাবে টাকা যোগ করব? 13
31. আমার FFOC-এর সাথে ভাড়ার সীমা নির্ধারণ কী? 13
32. আমার থেকে যদি ছাড় দেওয়া ভাড়ার পরিবর্তে সম্পূর্ণ ভাড়া নেওয়া হয় তাহলে আমার কী করা উচিত? 14
33. আমার OMNY কার্ডে ধার্য করা কোনো শুল্ক (সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া ছাড়া) সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে আমার কাকে কল করা উচিত? 14
34. আমি কি আমার FF ছাড়যুক্ত আমার নিইজের ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারি? 14
35. আমি কি আমার FF ছাড়ের সাথে দুটো আলাদা ক্রেডিট কার্ড বা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারি? 14
36. আমি কি একই সময়ে অনেকগুলো ভ্রমণ কার্ড ব্যবহার করতে পারি? 15
37. আমার ক্রেডিট বা ডেবিট কার্ড কাজ না করলে আমি কাকে কল করব? 15
38. আমার তথ্য কি গোপন রাখা হবে? 15
39. আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যাতে বলা হয়েছে যে আমি আর যোগ্য না থাকার কারণে আমার নথিভুক্তি শেষ হয়ে যাচ্ছে। আমার মনে হয় কোনো ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি? 15
40. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে আমার কতদিন লাগবে? 16

41. অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপের কারণে আমার FFNYC ছাড় বন্ধ হয়ে যাবে বলে আমি একটি বিজ্ঞপ্তি পেলে কী হবে? 16
42. আমি কম ব্যালেন্সের একটা সতর্কীকরণ পেলে কী করব? 16
43. আমি আমার হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFOC কত বার পরিবর্তন করতে পারব? ... 16
44. আমার FFOC কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে অথবা ক্ষতিগ্রস্ত হলে আমি কী করব? ... 16
45. আমি আমার ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা ছাড়যুক্ত মোবাইল ডিভাইস হারিয়ে ফেললে আমি কী করব? 17
46. আমি আমার হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, বা মেয়াদ শেষ হওয়া OMNY কার্ডের থেকে আমার নতুন OMNY কার্ডে কীভাবে ব্যালেন্স ট্রান্সফার করব? 17
47. কত ঘনঘন আমাকে আমার FFNYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে হবে? 18
48. আমি আমার FFNYC নথিভুক্তিকরণ কীভাবে পুনর্নবীকরণ করতে পারি? 18
49. আমাকে কখন পুননর্বীকরণ করেতে হবে তা কি আমাকে জানানো হবে? 18
50. পুনর্নবীকরণ করার কি কোনো সময়সীমা আছে? 18
51. আমি সময়সীমার মধ্যে পুনর্ববীকরণ করতে না পারলে কী হবে? 19
52. আমি FFNYC-এর জন্য এখনও যোগ্য কিনা তা কীভাবে জানব? 19
53. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না হলে কী হবে? 19
54. আমার পুনর্নবীকরণের আবেদনের সাথে আমাকে কী কী নথিপত্র জমা দিতে দিতে হবে? 19
55. পুনর্নবীকরণ করলে কি আমি একটি নতুন Fair Fares NYC OMNY কার্ড পাব? 19
56. আমার পুনর্নবীকরণের আবেদন অনুমোদন করার পরে আমি কি আমার বর্তমান FFNYC ছাড় ব্যবহার করা চালিয়ে যেতে পারব? 19
57. আমার FFNYC OMNY কার্ডের মেয়াদ কবে শেষ হচ্ছে তা আমি কীভাবে জানতে পারব? 20
58. আমার FFOC-এর মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হওয়ার হলে কী হবে? 20
59. আমার ছাড়যুক্ত ডেবিট বা ক্রেডিট কার্ডের মেয়াদ শেষ হলে কী হবে? 20
60. FFOC কার্ডে যদি টাকা থাকে তাহলে কি মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরেও সেটি ব্যবহার করতে পারব? 20

প্রোগ্রাম সম্পর্কে

1. Fair Fares NYC (FFNYC) কী?

Fair Fares NYC একটি সিটি প্রোগ্রাম যা নিম্ন আয়ের নিউ ইয়র্ক বাসীদেরকে তাদের পরিবহন খরচ নির্বাহ করতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। Fair Fares NYC ব্যবহার করে, নিউ ইয়র্ক শহরের যোগ্য বাসিন্দারা সাবওয়ে এবং উপযুক্ত বাস ভাড়ার ক্ষেত্রে 50% ছাড় পান অথবা Access-A-Ride (AAR) পার্টনারশিপ ট্রিপে 50% ছাড় পান।

উপরে ফিরে যান

2. FFNYC কি মেট্রো কার্ডের থেকে পরিবর্তিত হয়ে One Metro New York (OMNY) হচ্ছে?

FFNYC আর Fair Fares MetroCard (FFM) জারি করছে না। আপনার কাছে FFM থাকলে, নিচে উল্লেখ করা ঘটনাগুলির মধ্যে (যেটি আগে ঘটবে) যেকোনো একটি না ঘটা পর্যন্ত আপনি হয়তো এটি ব্যবহার করতে পারবেন:

a) কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে (মেয়াদ শেষ হওয়ার তারিখ কার্ডের পিছন দিকে রয়েছে);
b) কার্ডটি আর কাজ করে না;
c) কার্ডটি নিষ্ক্রিয় হয়ে গেছে; অথবা
d) আপনি আর Fair Fares প্রোগ্রামে নথিভুক্ত নেই।

আপনি নিম্নলিখিত উপায়গুলির মধ্যে একটিতে OMNY-এ পরিবর্তন করতে পারবেন:

1. আপনি প্রোগ্রামে আপনার নথিভুক্তি পুনর্নবীকরণ করলে; অথবা
2. আপনি আপনার মেট্রোকার্ড হারিয়ে গেছে, চুরি হয়ে গেছে, অথবা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রিপোর্ট করলে।
3. আপনি ACCESS HRA থেকে যেকোনো সময় মেট্রো কার্ডের পরিবর্তে OMNY নিতে পারেন।

আপনি পরিবর্তন করার সময়, আপনি কোনো OMNY কার্ড বেছে নিতে পারেন, অথবা আপনি আপনার নিজের ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা ডিজিটাল ওয়ালেট ব্যবহার করতে পারেন।

উপরে ফিরে যান

3. আমাকে কি আমার FFNYC MetroCard ছাড় OMNY-তে পরিবর্তন করতে হবে?

হ্যাঁ। OMNY হল নতুন পেমেন্ট পদ্ধতি এবং এটি মেট্রোকার্ডের পরিবর্তে ব্যবহৃত হবে। NYC ট্রানজিট সাবওয়ে এবং স্থানীয় সাবওয়ে, সীমিত এবং নির্বাচিত বাস পরিষেবার (Select Bus Service, SBS) বাস, Staten Island Railway, the Roosevelt Island ট্রাম এবং Hudson Rail Link বাস পরিষেবার জন্য আপনাকে OMNY ব্যবহার করতে হবে।

উপরে ফিরে যান

4. **আমি কি আমার FFM থেকে টাকা আমার FFNYC OMNY কার্ডে (FFOC) ট্রান্সফার করতে পারি?**
   আপনি আপনার FFM থেকে আপনার FFOC-তে টাকা ট্রান্সফার করতে পারবেন না। তবে, আপনার FFM-এ কোনো ব্যালেন্স থেকে গেলে সেটি আপনার কাছে লভ্য থাকবে এবং সাবওয়ে রাইড ও স্থানীয় সীমিত এবং নির্বাচিত বাস পরিষেবার (Select Bus Service, SBS) বাস, Staten Island Railway, the Roosevelt Island ট্রাম এবং Hudson Rail Link বাস পরিষেবার জন্য আপনি তা ব্যবহার করতে পারবেন।

   আপনার FFM-এর মেয়াদ শেষ হওয়া অথবা তা বাতিল হওয়ার আগে আপনাকে অবশিষ্ট অর্থ ব্যবহার করে নিতে হবে। আপনি যেভাবে আজ আপনার FFM সোয়াইপ করেছেন সেই একইভাবে কেবল তা সোয়াইপ করুন। আপনি একটি সম্পূর্ণ-ভাড়ার (full-fare) মেট্রোকার্ড কিংবা একটি সম্পূর্ণ-ভাড়ার OMNY অ্যাকাউন্ট থেকে একটি FFM বা FFOC-এ অবশিষ্ট অর্থ কোনোভাবেই ট্রান্সফার করতে পারবেন না।

   উপরে ফিরে যান

5. **কীভাবে FFNYC ছাড় কাজ করে?**
   FFNYC আপনাকে সাবওয়ে, উপযুক্ত বাস, অথবা Access-A-Ride এর ভাড়ায় 50% ছাড় দেয়।

   - **সাবওয়ে ও বাস**
     আপনার FFNYC মেট্রোকার্ড দিয়ে, আপনি অর্ধমূল্যে সাবওয়ে এবং যোগ্য বাসগুলিতে যাতায়াত করতে পারবেন!

     আপনি FFNYC-এর জন্য আবেদন করলে ও তার জন্য যোগ্য হলে এবং আপনি সাবওয়ে ও বাসের ছাড় নির্বাচন করলে, সিটি কোনো FFOC, বা ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা আপনার পছন্দের স্মার্ট ডিভাইসে ছাড় যোগ করে দেবে। FFOC-এর এতে কোনো মূল্য থাকবে না। আপনি টাকা যোগ না করা পর্যন্ত ভাড়া দিতে আপনার FFOC ব্যবহার করতে পারবেন না।

     আপনি এইসব পদ্ধতিতে আপনার FFOC-তে টাকা যোগ করতে পারবেন:

     1. সাবওয়ে স্টেশনে থাকা OMNY ভেন্ডিং মেশিন ব্যবহার করে (শুরু করতে স্ক্রিনে শুধুমাত্র আপনার কার্ডটি ট্যাপ করুন)।

     2. কোনো দোকান, ওষুধের দোকান অথবা আপনার পাড়ার চেক ক্যাশিং লোকেশন থেকে (আপনার কাছাকাছি এরকম জায়গা খুঁজে পেতে omny.info/retail ওয়েবসাইটে যান);

     3. OMNY অ্যাকাউন্ট ব্যবহার করে অনলাইন বা ফোনের মাধ্যমে। omny.info/register ওয়েবসাইটে নিঃশুল্ক অ্যাকাউন্ট তৈরি করুন অথবা 877-789-6669 নম্বরে কল করুন।

বাসে বা সাবওয়েতে OMNY রিডারে আপনার OMNY কার্ড, ক্রেডিট বা ডেবিট কার্ড, অথব মোবাইল ডিভাইস ট্যাপ করুন, এবং তা বর্তমান ভাড়ার অর্ধেক কেটে নেবে। প্রতিবার আপনি কার্ড ট্যাপ করার সময়, একটি রাইডের জন্য আপনার থেকে শুধুমাত্র বর্তমান ভাড়ার মাত্র অর্ধেক ভাড়া নেওয়া হবে।

- **Access-A-Ride (AAR)**
  AAR গ্রাহকরা FFOC ব্যবহার করেন না। তাদের ছাড় নিজে থেকেই প্রযোজ্য হয়! মেট্রোপলিটান পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) AAR কার্ডগুলি বিতরণ করে। AAR সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, ওয়েবসাইট-এ যান অথবা 877-337-2017 নম্বরে কল করুন।

উপরে ফিরে যান

যোগ্যতা

6. অংশগ্রহণ করার জন্য কারা যোগ্য?

নিউ ইয়র্ক সিটি (New York City, NYC)-এর বাসিন্দারা FFNYC এর জন্য যোগ্য হতে পারেন যদি তারা:

1. 18 এবং 64 বছরের মধ্যবর্তী বয়সী হন।
2. এমন একটি পরিবারের সদস্য হন যেটি FFNYC প্রোগ্রাম অনুযায়ী আয় নির্দেশিকা পূরণ করে;
3. নিউ ইয়র্কের সামাজিক পরিষেবা বিভাগ/মানব সম্পদ প্রশাসন (Department of Social Services/Human Resources Administration, DSS/HRA) বা NYC এর অন্য কোনো এজেন্সির থেকে সম্পূর্ণ গাড়িভাড়া না পান; এবং,
4. FFNYC সাবওয়ে এবং বাসের ছাড় বেছে নিয়ে, আপনি বর্তমানে অন্য কোনো পরিবহন ছাড়ের প্রোগ্রামে ইতিমধ্যেই অংশগ্রহণ না করেন বা অংশগ্রহণের জন্য যোগ্য না হন।

উপরে ফিরে যান

7. আমি বর্তমানে MTA Reduced-Fare প্রোগ্রামে অংশগ্রহণ করছি। আমি কি FFNYC ছাড় পাওয়ার যোগ্য?

না। আপনি MTA Reduced-Fare প্রোগ্রামে অংশগ্রহণ করলে অথবা অংশগ্রহণ করার যোগ্য হলে আপন FFNYC সাবওয়ে এবং বাসের ছাড় পাওয়ার যোগ্য হবেন না। আপনি Access-A-Ride এর একজন গ্রাহক হলে, আপনি AAR ভাড়ায় FFNYC ছাড় প্রয়োগ করার অনুরোধ করতে পারেন।

আপনি https://mta.info/reduced-fare-এতে এই প্রোগ্রামগুলি সম্বন্ধে আরও জানতে পারেন।

উপরে ফিরে যান

8. আমার অভিবাসন স্থিতি কি এই ন্যায্য ভাড়া Fair Fares NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে?

না। Fair Fares NYC আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্বন্ধে জিজ্ঞাসা করবে না বা এই স্থিতি সম্পর্কে কোনো তথ্য নথিভুক্ত করবে না।

উপরে ফিরে যান

আপনার Fair Fares NYC ছাড়ের জন্য আবেদন করা এবং তা পাওয়া

9. আমি কীভাবে একটি FFNYC ছাড়ের জন্য আবেদন করতে পারি?

নিউ ইয়র্ক সিটির সকল বাসিন্দারা FFNYC ছাড়ের জন্য আবেদন করতে পারেন। আরও জানতে ও আবেদন করতে nyc.gov/accessfairfares দেখুন।

আপনাকে আপনার নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে ব্যক্তিগত তথ্য প্রদান করতে বলা হতে পারে:

- পরিচয়;
- আবাস; এবং
- উপার্জন

আপনাকে কিছু ক্ষেত্রে সহায়ক নথিপত্রও জমা দিতে হতে পারে। অনুগ্রহ করে nyc.gov/fairfares থেকে Fair Fares NYC প্রস্তাবিত নথিপত্রের তালিকা দেখুন।

উপরে ফিরে যান

10. আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব?

একবার আপনার আবেদন জমা দেওয়া হয়ে গেলে এবং সমস্ত নথিপত্র আপলোড করা হয়ে গেলে, আপনার আবেদনটি পর্যালোচনার জন্য অনুগ্রহ করে 30 দিন পর্যন্ত অপেক্ষা করুন। আপনার আবেদনের স্থিতি দেখার জন্য আপনি আপনার nyc.gov/accessfairfares এর অ্যাকাউন্টটিতে লগ ইন করতে পারেন। আপনার আবেদনপত্রটি একবার পর্যালোচিত হয়ে গেলে আপনি ডাকযোগে একটি বিজ্ঞপ্তি পাবেন।

উপরে ফিরে যান

11. আমি একবার অনুমোদিত হয়ে গেলে কতদিন আমি FFNYC প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারি?

আপনার আবেদনটি অনুমোদিত হওয়ার তারিখটি থেকে এক বছরের জন্য আপনি নথিভুক্ত থাকবেন, তবে সেক্ষেত্রে আপনাকে যোগ্যতার মানদণ্ড পূরণ করা চালিয়ে যেতে হবে।

উপরে ফিরে যান

12. কখন আমি আমার FFNYC ছাড় পাব?

Fair Fares OMNY কার্ড: আপনার আবেদন একবার অনুমোদিত হয়ে গেলে, অনুগ্রহ করে মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক পরিষেবা (United States Postal Service, USPS)-এর মাধ্যমে ডাকযোগে আপনার FFOC ডেলিভারির জন্য দুই থেকে তিন সপ্তাহ অপেক্ষা করুন।

আপনার নিজের ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা OMNY কার্ড: আপনার আবেদন অনুমোদিত হওয়ার পরে তৎক্ষণাৎ ছাড় যোগ করা হবে। ছাড় একবার সক্রিয় হয়ে গেলে Fare Fares প্রোগ্রাম আপনাকে জানাবে। আপনি আপনার অ্যাকাউন্টে কার্ড যোগ করলে আপনার OMNY অ্যাকাউন্ট প্রোফাইলেও ছাড় দেখতে পারেন। এই ছাড় 24 ঘণ্টার মধ্যে সক্রিয় হবে।

Access-A-Ride: আপনি যদি AAR ছাড় নির্বাচন করে থাকেন, তাহলে আপনি OMNY কার্ড পাবেন না। পরিবর্তে, MTA-এর থেকে আপনি আপনার AAR OMNY আইডি কার্ড পাবেন।

উপরে ফিরে যান

13. আমি FFNYC-এর জন্য অনুমোদিত হয়েছিলাম, কিন্তু ডাকযোগে কোনো OMNY কার্ড পাই নি। আমার কী করা উচিত?

আপনাকে অনুমোদন করার পরে যদি 3 সপ্তাহ পেরিয়ে গিয়ে থাকে এবং আপনি তাও আপনার FFOC না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন অথবা Access HRA-এ রিপোর্ট করে জানান যে আপনার কার্ডটি "ডাকপথে হারিয়ে গেছে"।

উপরে ফিরে যান

14. nyc.gov/accessfairfares ওয়েবসাইট খুলতে আমার সমস্যা হচ্ছে। আমি কীভাবে সহায়তা পেতে পারি?

আপনি যদি nyc.gov/accessfairfares নিয়ে কোনো প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হন, তাহলে সাধারণভাবে দেখা দেওয়া সমস্যাগুলোর সমাধানের জন্য অনুগ্রহ করে ACCESS HRA হেল্প পেজটি দেখুন অথবা সাহায্যের জন্য 311 নম্বরে ফোন করুন।

উপরে ফিরে যান

15. আমার FFNYC আবেদন সম্পূর্ণ করায় সাহায্য লাগবে। আমাকে কে সাহায্য করতে পারবেন?

Fair Fares NYC লোকেশনগুলির যেকোনো একটিতে যান এবং FFNYC কর্মীরা আপনাকে আবেদন করতে সাহায্য করবেন। Fair Fares NYC এর কেন্দ্রগুলির একটি তালিকা পেতে www.nyc.gov/fairfares দেখুন এবং 'আমাদের সঙ্গে যোগাযোগ করুন'-এ ক্লিক করুন। আরও তথ্যের জন্য আপনি 311 নম্বরেও ফোন করতে পারেন।

উপরে ফিরে যান

16. আমি একটি সাধারণ পোস্ট অফিস (Post Office) বক্সে চিঠি পাই। আমি কীভাবে আমার Fair Fares OMNY কার্ড পাব?

আপনার আবেদন অথবা পুনর্নবীকরণ অনুমোদিত হলে এবং আপনি চিঠিপত্র পেতে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর ভিতরে কোনো পোস্ট অফিস বক্স ব্যবহার করলে, আমরা নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর ভিতরে আপনার জেনারেল পোস্ট অফিস বক্সে আপনার FFOC ডাকযোগে পাঠাব।

উপরে ফিরে যান

17. আমার চিঠি পাঠানোর ঠিকানা আমি কীভাবে আপডেট করব?

আপনার চিঠি পাঠানোর ঠিকানা আপডেট করতে অনুগ্রহ করে nyc.gov/accessfairfares দেখুন।

উপরে ফিরে যান

18. আমার Fair Fares-এর জন্য করা আবেদন প্রত্যাখ্যান করে দেওয়া হয়েছে। আমি কীভাবে আরও তথ্য পেতে পারি?

আপনি প্রোগ্রামটির যোগ্যতার মানদণ্ড পূরণ না করলে আপনার আবেদনটি প্রত্যাখ্যান করা হতে পারে। আবেদন প্রত্যাখ্যানের কারণ জানতে আপনি www.nyc.gov/accessfairfares দেখতে পারেন। আপনি FFNYC-এর জন্য কেন যোগ্য নন তা আপনাকে পাঠানো বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা আছে। আমরা কোনো ভুল করেছি বলে আপনার মনে হলে, অফিসের কোনো লোকেশনের জন্য অনুগ্রহ করে https://www.nyc.gov/site/fairfares/contact-us/contact-us.page এ Fair Fares NYC-এর ওয়েবসাইট দেখুন, অথবা আপনার আবেদনের পর্যালোচনার অনুরোধ করতে 311 নম্বরে কল করুন।

উপরে ফিরে যান

আবেদনের নথিপত্র কীভাবে জমা দিতে হবে এবং সেই সম্পর্কিত অন্যান্য প্রশ্ন

19. আমার বয়স, NYC-এর আবাসন এবং উপার্জন যাচাই করার জন্য আমার কোন নথিপত্র প্রয়োজন হবে?

অনুগ্রহ করে Fair Fares NYC সুপারিশকৃত নথির তালিকা (Fair Fares NYC Suggested Document List) রেফার করুন।

উপরে ফিরে যান

20. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব?

FFNYC-এর জন্য নথিপত্র আপলোড করতে Access HRA মোবাইল অ্যাপ ব্যবহার করুন। এই ACCESS HRA অ্যাপটি ডাউনলোড করতে nyc.gov/ffdocs-এ যান, আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন এবং আপনার নথিপত্র জমা দিন। মোবাইল অ্যাপটি ব্যবহার করতে না পারলে, আপনি কোনো FFNYC অফিস লোকেশনে এসেও সাহায্য নিতে পারেন।

উপরে ফিরে যান

21. আমি আমার নথিপত্র জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে তা জমা দেওয়া যায় নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি?

আপনার অ্যাকাউন্ট থেকে লগ-আউট করে তারপর আবার লগ-ইন করার চেষ্টা করুন। নথিপত্রগুলি দেখতে পাওয়ার জন্য 15 মিনিট মতো সময় লাগতে পারে। আপনার এখনও সমস্যা হলে, আপনি Fair Fares NYC এর কোনো অফিসে এসে নিজের নথিপত্র আপলোড করার জন্য সহায়তা পেতে পারেন।

উপরে ফিরে যান

22. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব?

আপনার আবেদন সম্পূর্ণ না হলে Fair Fares আপনাকে একটি টেক্সট মেসেজ পাঠাবে। আর কী কী নথিপত্র এখনও প্রয়োজন এবং জমা দেওয়ার সময়সীমা দেখার জন্য nyc.gov/accessfairfares-এ গিয়ে আবার আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন।

উপরে ফিরে যান

23. নথিপত্র জমা দেওয়ার কোনো সময়সীমা আছে কি?

আবেদন জমা দেওয়ার পরে নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আপনার কাছে 10 দিন সময় থাকে। আপনার আবেদনের স্থিতি জানতে এবং নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আর কতটা সময় আছে তা দেখতে nyc.gov/accessfairfares-এ গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন।

উপরে ফিরে যান

24. সময়মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে?

আমরা সময়মতো আপনার নথিপত্র না পেলে, আপনাকে একটি নতুন আবেদন জমা দিতে হবে।

উপরে ফিরে যান

আপনার Fair Fares NYC ছাড় ব্যবহার করা

25. আমাকে কি একটি OMNY অ্যাকাউন্ট তৈরি করতে হবে?

হ্যাঁ। একটি OMNY অ্যাকাউন্ট তৈরি করা ঐচ্ছিক কিন্তু এর প্রবল সুপারিশ করা হয়। একটি OMNY অ্যাকাউন্ট হল সুরক্ষিত এবং এর বিভিন্ন সুবিধা আছে:

- 7 দিনের ভাড়ার নির্ধারিত সীমায় পৌঁছানোর দিকে আপনার অগ্রগতি ট্র্যাক করুন
- আপনার কার্ড রিলোড করুন
- OMNY অ্যাকাউন্টের মাধ্যমে অটোমেটিক রিলোড সেট-আপ করুন, যাতে কম ব্যালেন্সের জন্য আপনাকে কখনও চিন্তা করতে না হয়।
- আপনার পেমেন্ট পদ্ধতি পরিচালনা করুন
- অ্যাকাউন্ট বিজ্ঞপ্তি পান
- আপনার কার্ড হারিয়ে বা চুরি গেলে তৎক্ষণাৎ তা স্থগিত করুন
- এবং আরও অনেক কিছু!

OMNY অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করতে, অনুগ্রহ করে https://omny.info/register-এ যান। OMNY অ্যাকাউন্ট সেট আপ করায় আপনার সাহায্য লাগলে, অনুগ্রহ করে YouTube video guide দেখে নিন।

OMNY অ্যাকাউন্ট নিবন্ধন করার ক্ষেত্রে সহায়তার প্রয়োজন হলে, 877-789-6669 নম্বরে কল করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করুন।

উপরে ফিরে যান

26. আমি আমার FFOC ক্রমিক সংখ্যা কোথায় খুঁজে পাব?

আপনার FFOC ক্রমিক নম্বর হল আপনার OMNY কার্ডের পেছন দিকে থাকা 18-সংখ্যার নম্বরটি। আপনার এটির একটি রেকর্ড রেখে দেওয়া উচিত।

উপরে ফিরে যান

27. OMNY ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর কী এবং আমি সেটি কোথায় দেখতে পাব?

আপনার OMNY ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর আপনি আপনার OMNY অ্যাকাউন্টে যা করেন সেই সবকিছুর সাথে সংযুক্ত। আপনি সাহায্যের জন্য OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করলে তারা হয়তো এই নম্বরটি চাইতে পারেন।

আপনার ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর পাওয়ার চারটি উপায় আছে:

1. আপনার Access HRA অ্যাকাউন্ট-এ সাইন ইন করে।
2. omny.info/register-এ OMNY অ্যাকাউন্টের জন্য নিবন্ধন করে এবং আপনার FFOC অথবা ডেবিট বা ক্রেডিট কার্ড লিংক করে।
3. 311 নম্বরে কল করে।
4. Access HRA-তে ট্রানজিট অ্যাকাউন্ট লুকআপ টুল – কেসের উপর পদক্ষেপ নেওয়ার সময় উপলভ্য থাকে।
    a. **এই টুলটি কী?** – এটি আপনার ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর খোঁজার একটি নিরাপদ এবং সুরক্ষিত উপায়।
    b. **এই টুলে আমার ক্রেডিট কার্ডের তথ্য এন্টার করা কি আমার জন্য নিরাপদ?** – হ্যাঁ। এটি একটি সুরক্ষিত ওয়েবসাইট।
    c. **আমি কোনো ত্রুটির মেসেজ পেলে আমাকে কী করতে হবে?** – আপনি কোনো ত্রুটির মেসেজ পেলে, অনুগ্রহ করে উইন্ডো বন্ধ করে আবার চেষ্টা করুন।

উপরে ফিরে যান

28. আমার পরিবারের কোনো সদস্য অথবা বন্ধুবান্ধব আমার FFOC, আমার ডেবিট বা ক্রেডিট কার্ড, বা ছাড়ের সাথে মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারে?

না। আপনার FFNYC ছাড় শুধুমাত্র আপনার ব্যক্তিগত ব্যবহারের জন্য। আপনি আপনার FFOC পরিবারের সদস্য, বন্ধুবান্ধব, অথবা অন্য কারও সাথে শেয়ার করতে অথবা ধার দিতে পারবেন না। অপ্নিন কোনো ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, অথবা ছাড় থাকা কোনো মোবাইল ডিভাইসও শেয়ার করতে অথবা ধার দিতে পারবেন না। আপনি কার্ড বা ট্যাপ বিক্রি কাউকে করতে পারবেন না। এই নিয়ম লঙ্ঘন করলে তা কার্ডের অপব্যবহার বা প্রতারণা হিসেবে বিবেচিত হবে এবং ফলস্বরূপ আপনার FFOC 60 দিনের জন্য স্থগিত করে দেওয়া হবে। আপনি যদি এই নিয়মটি দ্বিতীয়বার লঙ্ঘন করেন, তাহলে Fair Fares NYC প্রোগ্রাম থেকে আপনাকে স্থায়ীভাবে নিষিদ্ধ করা হবে।

উপরে ফিরে যান

29. আমি কি NYC-এর সব সরকারি পরিবহণ ব্যবস্থায় আমার Fair Fares ছাড় ব্যবহার করতে পারব?

আপনি আপনার Fair Fares ছাড় এগুলিতে ব্যবহার করতে পারবেন:

1. New York City সাবওয়ে এবং যোগ্য বাসসমূহ ,
2. Staten Island Railway,
3. Roosevelt Island Tram, এবং
4. Hudson Rail Link

Westchester Bee-Line (WBL) এবং Nassau Inter-County Express (NICE) বাস পরিষেবায় OMNY লভ্য হয়ে গেলে, আপনি এইসব পরিষেবায় আপনার FFNYC ব্যবহার করতে পারবেন।

আপনার Fair Fares ছাড় অথবা OMNY নিম্নলিখিতগুলিতে ব্যবহার করতে পারা যাবে **না**:

1. MetroNorth Railroad
2. Long Island Rail Road
3. Port Authority Trans-Hudson (PATH)

আপনার কার্ড অথবা ডিভাইস MTA এক্সপ্রেস বাস এবং AirTrain JFK-তে কাজ করবে, কিন্তু সেইসব পরিষেবাগুলির জন্য **সম্পূর্ণ ভাড়া** ধার্য করা হবে।

উপরে ফিরে যান

30. আমার FFOC কার্ডে আমি কীভাবে টাকা যোগ করব?

আপনার FFOC পেয়ে যাওয়ার পরে সেটিতে কীভাবে টাকা যোগ করবেন তা এখানে উল্লেখ করা হল:

- NYC ট্রানজিট সাবওয়ে স্টেশনে থাকা OMNY কার্ড ভেন্ডিং মেশিনের মাধ্যমে;
- শহর জুড়ে থাকা অংশগ্রহণকারী রিটেল দোকানগুলি থেকে। এই রিটেল দোকানগুলি খুঁজতে, https://omny.info/retail-locations দেখুন;
- 877-789-6669 নম্বরে OMNY গ্রাহক পরিষেবা বিভাগে কল করার মাধ্যমে; অথবা
- আপনার রেজিস্টার করা OMNY অ্যাকাউন্টের মাধ্যমে অনলাইনে (omny.info/register)। এছাড়াও আপনি OMNY অ্যাকাউন্টের মাধ্যমে অটোমেটিক রিলোড সেট-আপ করতে পারবেন, যাতে কম ব্যালেন্সের জন্য আপনাকে কখনও চিন্তা করতে না হয়।

উপরে ফিরে যান

31. আমার FFOC-এর সাথে ভাড়ার সীমা নির্ধারণ কী?

আপনি যদি একই FFOC ব্যবহার করে 7-দিনের মধ্যে 12টি পেইড ট্রিপ নেন, তাহলে একই সপ্তাহে আপনার বাকি রাইডগুলি স্বয়ংক্রিয়ভাবে বিনামূল্যে হয়ে যাবে। প্রতিটি পৃথক পেইড রাইডের জন্য আপনাকে অবশ্যই আপনার FFOC ব্যবহার করতে হবে। আপনি যখন ট্রান্সফার করবেন তখন আপনাকে অবশ্যই আপনার কার্ড ব্যবহার করতে হবে, কিন্তু এটি 12টি পেইড রাইডের জন্য গণনা করা হয় না কারণ একটি ট্রান্সফার বিনামূল্যে দেওয়া হয়। ভাড়ার সীমা নির্ধারণ নিয়ে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://omny.info/fares দেখুন।

উপরে ফিরে যান

32. আমার থেকে যদি ছাড় দেওয়া ভাড়ার পরিবর্তে সম্পূর্ণ ভাড়া নেওয়া হয় তাহলে আমার কী করা উচিত?

যদি আপনার মনে হয় আপনাকে সম্পূর্ণ ভাড়া নেওয়া হচ্ছে, তাহলে OMNY-তে গিয়ে https://omny.info/register–এ গিয়ে আপনার OMNY প্রোফাইল দেখে নিন। আপনার রাইডার ক্লাসে যেন বলা থাকে "ন্যায্য ভাড়া" এবং আপনি যে ট্রিপগুলি করেছেন ও টাকা দিয়েছেন সেগুলি আপনি দেখতে পাবেন। এছাড়াও আপনি 877-789-6669 নম্বরে OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করতে পারেন। আপনার কাছে রাইডার ক্লাস না থাকলে, 311 নম্বরে যোগাযোগ করুন। আপনার কাছে রাইডার ক্লাস থাকলে, OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন।

উপরে ফিরে যান

33. আমার OMNY কার্ডে ধার্য করা কোনো শুল্ক (সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া ছাড়া) সম্পর্কে আমার কোনো প্রশ্ন থাকলে আমার কাকে কল করা উচিত?

877-789-6669 নম্বরে কল করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করুন।

উপরে ফিরে যান

আপনার ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ড বা মোবাইল ডিভাইস ব্যবহার করে

34. আমি কি আমার FF ছাড়যুক্ত আমার নিইজের ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারি?

হ্যাঁ। আপনি FF ছাড়ের সাথে আপনার নিজের ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারেন। এটি করতে, Access HRA (AHRA)-এ লগ ইন করুন এবং "Change Discount Selection (ছাড় নির্বাচন পরিবর্তন করুন)"। তারপর অনলাইন টুলে আপনার ক্রেডিট বা ডেবিট কার্ড নম্বর লিখুন। আপনি একবে এটি করে ফেললে, ছাড় আপনার ক্রেডিট বা ডেবিট কার্ডের ট্রানজিট অ্যাকাউন্টে যোগ করা হবে। আপনার ছাড়ের স্থিতির জন্য nyc.gov/accessfairfares–এ AHRA দেখে নিন।

আপনি পরের বার রাইড করলে, সেই কার্ডের সাথে লিংক করা ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা মোবাইল ওয়ালেটে ট্যাপ করুন। আপনি হয় বাস্তব কার্ডে নয়তো আপনার ডিভাইসে ছাড় ব্যবহার করতে পারেন, দুটোতেই নয়। আপনি প্রথম যে পেমেন্ট পদ্ধতি ট্যাপ করার জন্য নির্বাচন করেন তাতে ছাড় পাওয়া যাবে।

উপরে ফিরে যান

35. আমি কি আমার FF ছাড়ের সাথে দুটো আলাদা ক্রেডিট কার্ড বা মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারি?

না। আপনি আপনার ছাড়ের সহে দুটি আলাদা কার্ড ব্যবহার কর্তে পারবেন না। ছাড় সক্রিয় হওয়ার পরে OMNY রিডারে ট্যাপ করা প্রথম কার্ড অথবা ডিভাইসে OMNY কাজ করবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে সেই কার্ড নম্বরের সাথে সম্পর্কিত অন্য সব কার্ড বা ডিভাইসগুলি OMNY

ব্যবহার করা থেকে ব্লক করা হবে। **যেমন**, আপনি আপনার বাস্তব ক্রেডিট বা ডেবিট কার্ডে ট্যাপ করলে, আপনি পরে সেই কার্ড দিয়ে মোবাইল ওয়ালেটে ট্যাপ করতে পারবেন না। ছাড় পরিবর্তন করতে, 877-789-6669 নম্বরে আপনাকে OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করতে হবে।

উপরে ফিরে যান

36. আমি কি একই সময়ে অনেকগুলো ভ্রমণ কার্ড ব্যবহার করতে পারি?
না। FF ছাড় পেতে শুধুমাত্র একটি ভ্রমণ কার্ডই ব্যবহার করা যেতে পারে।

উপরে ফিরে যান

37. আমার ক্রেডিট বা ডেবিট কার্ড কাজ না করলে আমি কাকে কল করব?
যে ক্রেডিট কার্ড কোম্পানি বা ব্যাংক আপনার ক্রেডিট বা ডেবিট কার্ড জারি করেছে তাদের কল করুন। কার্ডটি সর্বত্র কাজ করলেও কোনো OMNY রিডারে কাজ না করলে, 877-789-6669 নম্বরে কল করে OMNY গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন।

উপরে ফিরে যান

38. আমার তথ্য কি গোপন রাখা হবে?
হ্যাঁ। আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিরাপদ এবং সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

উপরে ফিরে যান

যোগ্যতা হারানো

39. আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যাতে বলা হয়েছে যে আমি আর যোগ্য না হওয়ার কারণে আমার নথিভুক্তি শেষ হয়ে যাচ্ছে। আমার মনে হয় কোনো ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি?

1. আপনি আর প্রোগ্রামের যোগ্যতার মানদণ্ড পূরণ না করলে, এটির যোগ্যতা হারাতে পারেন। আপনি কেন আর যোগ্য নন তা জানতে www.nyc.gov/accessfairfares দেখতে পারেন।
2. আপনি FFNYC-এর জন্য কেন যোগ্য নন তা আপনাকে পাঠানো বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা আছে এবং কবে আপনার ছাড়ের মেয়াদ শেষ হবে সেই তারিখটি দেওয়া আছে। এই তারিখের পরে, আপনার FFOC ব্যবহার করে কোনো ভ্রমণ করলে সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া হবে।
3. আমরা কোনো ভুল করেছি বলে আপনার মনে হলে, আপনার আবেদনটি পর্যালোচনা করে দেখার অনুরোধ জানাতে অনুগ্রহ করে এর কোনো অফিসের লোকেশনে দেখা করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

উপরে ফিরে যান

40. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে আমার কতদিন লাগবে?
আপনার নথিভুক্তি সমাপ্ত হতে চলেছে জানিয়ে পাঠানো বিজ্ঞপ্তিটি পাওয়ার 14 দিনের মধ্যে আপনাকে অনুরোধ করতে হবে। আপনার থেকে আমরা কোনো উত্তর না পেলে, আপনার ছাড়ের মেয়াদ আপনার বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট নির্ধারিত তারিখে শেষ হয়ে যাবে।

উপরে ফিরে যান

41. অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপের কারণে আমার FFNYC ছাড় বন্ধ হয়ে যাবে বলে আমি একটি বিজ্ঞপ্তি পেলে কী হবে?
প্রথমবার কোনো অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপ হলে, আপনার FFNYC ছাড় স্থগিত করা হবে। আপনার একটি FFOC থাকলে, তা সম্পূর্ণ ভাড়ায় পরিবর্তিত হবে। আপনি Fair Fares NYC-এর যোগ্যতা হারাবেন এবং আপনি 60 দিনের জন্য FFNYC-তে অংশগ্রহণ করতে পারবেন না। 60 দিন পেরিয়ে যাওয়ার পরে আপনাকে অবশ্যই পুনরায় আবেদন করতে হবে এবং আবার Fair Fares NYC ছাড় পাওয়ার জন্য আপনাকে যোগ্য হতে হবে। দ্বিতীয়বার কোনো অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপ হলে, আপনি প্রোগ্রামে অংশগ্রহণ করার অধিকার স্থায়ীভাবে হারাবেন এবং আপনি আর ছাড় পাবেন না। আপনার কোনো প্রশ্ন থাকলে 311 নম্বরে ফোন করতে পারেন।

উপরে ফিরে যান

হারানো, চুরি যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া কার্ড

42. আমি কম ব্যালেন্সের একটা সতর্কীকরণ পেলে কী করব?
আপনার কার্ডের ব্যালেন্স $1.05-এর কম হলে আপনি কম ব্যালেন্সের সতর্কীকরণ পাবেন। সাবওয়ে বা বাস ব্যবহার আপনার কার্ডে টাকা যোগ করতে হবে।

উপরে ফিরে যান

43. আমি আমার হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া FFOC কত বার পরিবর্তন করতে পারব?
FFNYC প্রতিটি নথিভুক্তি বছরে শুধুমাত্র একবারই আপনার হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, বা ক্ষতিগ্রস্ত হওয়া FFOC পরিবর্তন করবে। আপনি সীমায় পৌঁছে গেলে এবং আপনার কার্ড হারালে, আপনি নিজের OMNY কার্ড কিনতে পারেন বা কোনো ক্রেডিট বা ডেবিট কার্ডে ছাড় যোগ করতে পারেন।

উপরে ফিরে যান

44. আমার FFOC কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে অথবা ক্ষতিগ্রস্ত হলে আমি কী করব?
nyc.gov/accessfairfares-এ আপনার Fair Fares অ্যাকাউন্টে লগ-ইন করে "FFOC কার্ড হারানো, চুরি হওয়া অথবা ক্ষতিগ্রস্ত হওয়া সম্পর্কে রিপোর্ট করুন"-এ ক্লিক করুন। স্ক্রিনে দেখানো নির্দেশাবলী অনুসরণ করুন।

আপনি 311 নম্বরে কলও করতে পারেন। আপনার রিপোর্ট একবার পাওয়া হয়ে গেলে, আপনি এখনও FFNYC-এর জন্য যোগ্য হলে আপনি এটি অন্য OMNY কার্ড অথবা ডেবিট বা ক্রেডিট কার্ডের সাথে পরিবর্তন করতে পারেন।

আপনার OMNY অ্যাকাউন্টের মাধ্যমে বা ফোন করে আপনার OMNY কার্ড সম্পর্কে প্রথম অভিযোগ করলে, পরিবর্তে নতুন কার্ড পাওয়ার জন্য Fair Fares-এর কাছে আপনার কার্ড সম্পর্কে আবার অভিযোগ করতে হবে।

উপরে ফিরে যান

45. আমি আমার ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা ছাড়যুক্ত মোবাইল ডিভাইস হারিয়ে ফেললে আমি কী করব?

আপনি আপনার ক্রেডিট বা ডেবিট কার্ড হারালে, কার্ডটি হারিয়ে বা চুরি যাওয়া রিপোর্ট করতে অবিলম্বে আপনার ক্রেডিট কার্ড কোম্পানি বা ব্যাংকের সাথে যোগাযোগ করুন। এটি কার্ডকে নিষ্ক্রিয় করে দেবে। আপনি আপনার মোবাইল ডিভাইস হারালে, ডিভাইস নিষ্ক্রিয় করতে নির্মাতার নির্দেশাবলী অনুসরণ করুন।

আপনি এই পদক্ষেপগুলি নেওয়ার পরে, Access HRA-তে লগ ইন করে আপনার ছাড়কে নতুন কার্ড বা ডিভাইসে নিয়ে যেতে “Change your Discount Selection (আপনার ছাড় নির্বাচন পরিবর্তন করুন)” নির্বাচন করুন। আপনার ছাড় নির্বাচন পরিবর্তন করার আগে আপনার কাছে নতুন কার্ড নম্বর থাকতে হবে।

উপরে ফিরে যান

46. আমি আমার হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, বা মেয়াদ শেষ হওয়া OMNY কার্ডের থেকে আমার নতুন OMNY কার্ডে কীভাবে ব্যালেন্স ট্রান্সফার করব?

Fair Fares আপনার পুরনো OMNY কার্ডকে নতুন OMNY কার্ড দিয়ে পরিবর্তন করলে, আপনাকে কিছু করতে হবে না। আপনার ব্যালেন্স নিজে থেকেই আপনার পুরনো কার্ড থেকে আপনার নতুন কার্ডে চলে যাবে।

আপনি আপনার পুরনো OMNY কার্ডকে আপনার নিজের কেনা কোনো OMNY কার্ড দিয়ে পরিবর্তন করতে চাইলে, আপনাকে আপনার পুরনো কার্ডের থেকে নতুনটিতে আপনার ব্যালেন্স নিয়ে যেতে গেলে OMNY গ্রাহক পরিষেবাকে কল করতে হবে। আপনি সহায়তার জন্য OMNY গ্রাহক পরিষেবাকে 877-789-6669 নম্বরে ফোন করতে পারেন। আপনি কল করার সময়, আপনাকে আপনার OMNY অ্যাকাউন্টের সাথে লিংক করা ইমেল ঠিকানা বা জিপ কোড প্রদান করতে হবে। আপনার OMNY অ্যাকাউন্ট না থাকলে, আপনাকে অবশ্যই হারিয়ে যাওয়া, চুরি যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, মেয়াদ শেষ হওয়া, মেয়াদ শেষ হতে চলেছে এমন OMNY কার্ডের নম্বর অথবা ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর প্রদান করতে হবে। Access HRA অ্যাকাউন্ট থেকে অথবা 311 নম্বরে কল করে আপনি আপনার ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর জানতে পারবেন।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আপনি হারানো বা চুরি যাওয়া OMNY কার্ডের জন্য কোনো রিফান্ড পাবেন না। আপনি শুধু অবশিষ্ট টাকা পরিবর্তিত একটি কার্ডে নিয়ে যেতে পারেন।

উপরে ফিরে যান

পুনর্নবীকরণ

47. কত ঘনঘন আমাকে আমার FFNYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে হবে?

বছরে একবার আপনাকে আপনার FFNYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে হবে। আপনার FFNYC ছাড়ের পুনর্নবীকরণ করাতে পুনর্নবীকরণের সময় প্রোগ্রামের জন্য আপনাকে যোগ্য হতে হবে।

উপরে ফিরে যান

48. আমি আমার FFNYC নথিভুক্তিকরণ কীভাবে পুনর্নবীকরণ করতে পারি?

Fair Fares-এর থেকে পুনর্নবীকরণ করার বিজ্ঞপ্তি পাওয়ার পরে আপনার FFNYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করার জন্য, nyc.gov/accessfairfares-এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন। নিরবিচ্ছিন্ন ছাড় পেতে, নথিভুক্তি শেষ হয়ে যাওয়ার অন্তত 30 দিন আগে এটি করুন।

উপরে ফিরে যান

49. আমাকে কখন পুনর্নবীকরণ করেতে হবে তা কি আমাকে জানানো হবে?

হ্যাঁ। আপনার পুনর্নবীকরণের সময় হলে আমরা ডাকযোগে এবং টেক্সট মেসেজের মাধ্যমে আপনাকে বিজ্ঞপ্তি পাঠাবো। আপনি Fair Fares NYC-কে যে ঠিকানা দিয়েছেন আমরা সেটি ব্যবহার করব। আপডেট এবং সময়সীমাগুলির জন্য যেকোনো সময় আপনি আপনার Fair Fares NYC-এর হোম পেজে নজর রাখতে পারেন।

উপরে ফিরে যান

50. পুনর্নবীকরণ করার কি কোনো সময়সীমা আছে?

হ্যাঁ। পুনর্নবীকরণের বিজ্ঞপ্তিতে পুনর্নবীকরণের জন্য আপনার সময়সীমা বলা থাকবে। আপনি সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ না করলে, আপনাকে একটি নতুন আবেদন জমা দিতে হবে। আপনার নথিভুক্তি সম্পর্কে তথ্যের জন্য আপনার FFNYC অ্যাকাউন্ট দেখুন।

উপরে ফিরে যান

51. আমি সময়সীমার মধ্যে পুনর্বীকরণ করতে না পারলে কী হবে?
সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ করতে না পরালে, আপনাকে নতুন আবেদন জমা দিতে হবে। এটি আপনার ছাড়কে সাময়িকভাবে স্থগিত রাখবে। আপনার অ্যাকাউন্ট স্থগিত থাকাকালীন, আপনি তা ব্যবহার করার চেষ্টা করলে আপনার থেকে সম্পূর্ণ ভাড়া নেওয়া হবে। আপনি পুনর্নবীকরণ বা পুনরায় আবেদন করা এবং সেটি অনুমোদন হওয়ার পরে আপনি আবার ছাড় পেতে শুরু করবেন।

উপরে ফিরে যান

52. আমি FFNYC-এর জন্য এখনও যোগ্য কিনা তা কীভাবে জানব?
আপনার যোগ্যতা সম্পর্কে জানতে nyc.gov/fairfares দেখুন। আপনার FFNYC প্রোগ্রামের নথিভুক্তি পুনর্নবীকরণ করতে আপনাকে তখনও FFNYC যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করতে হবে।

উপরে ফিরে যান

53. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না হলে কী হবে?
কেবলমাত্র নিউ ইয়র্ক সিটির বাসিন্দারাই Fair Fares NYC প্রোগ্রামের যোগ্য।

উপরে ফিরে যান

54. আমার পুনর্নবীকরণের আবেদনের সাথে আমাকে কী কী নথিপত্র জমা দিতে দিতে হবে?
অনুগ্রহ করে Fair Fares NYC ওয়েবসাইটে থাকা আবশ্যক নথিপত্রের তালিকা রেফার করুন।

উপরে ফিরে যান

55. পুনর্নবীকরণ করলে কি আমি একটি নতুন Fair Fares NYC OMNY কার্ড পাব?
আপনি আপনাকে জারি করা FFOC ব্যবহার করা চালিয়ে যাবেন, যদি না আপনি আপনার কার্ড হারিয়ে থাকেন বা আপনার কার্ডের মেয়াদ প্রায় শেষ হয়ে আসে। আপনার FFOC অনেক বছর ধরে চলবে।

উপরে ফিরে যান

56. আমার পুনর্নবীকরণের আবেদন অনুমোদন করার পরে আমি কি আমার বর্তমান FFNYC ছাড় ব্যবহার করা চালিয়ে যেতে পারব?
হ্যাঁ। আপনার নথিভুক্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনি আপনার বর্তমান FFNYC ছাড় ব্যবহার করা চালিয়ে যেতে পারবেন। এমনকি আপনার নথিভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলেও (এর অর্থ আপনি আর প্রোগ্রামের জন্য যোগ্য নন), সম্পূর্ণ ভাড়া দেওয়ার জন্য আপনি আপনার OMNY কার্ড ব্যবহার করতে পারবেন।

উপরে ফিরে যান

মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড

57. আমার FFNYC OMNY কার্ডের মেয়াদ কবে শেষ হচ্ছে তা আমি কীভাবে জানতে পারব?
মেয়াদ শেষ হওয়ার তারিখ আপনার কার্ডের পিছন দিকে লেখা আছে।

উপরে ফিরে যান

58. আমার FFOC-এর মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হওয়ার হলে কী হবে?
যেহেতু আপনার FFOC-এর মেয়াদ শেষ হওয়ার তারিখ FFMC-এর মেয়াদ শেষের তারিখের চেয়ে দীর্ঘ, তাই আপনার FFOC অনেক বছর ধরে চলবে। মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনাকে কার্ডটি ব্যবহার করা চালিয়ে যেতে হবে। আপনি যদি এখনও প্রোগ্রামে নথিভুক্ত থাকেন এবং আপনার বর্তমান OMNY প্রোগ্রামের মেয়াদ শেষ হতে বেশি দিন বাকি না থাকে, তাহলে আপনার কার্ডের মেয়াদ শেষ হওয়ার 30 দিন আগে FFNYC স্বয়ংক্রিয়ভাবে আপনাকে একটি নতুন কার্ড ডাকযোগে পাঠাবে। আপনি আপনার পরিবর্তিত OMNY কার্ড পাওয়ার পরে, 877-789-6669 নম্বরে কল করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করে আপনার মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়া কার্ড থেকে ব্যালেন্স আপনার নতুন FFOC কার্ডে ট্রান্সফার করতে পারবেন।

উপরে ফিরে যান

59. আমার ছাড়যুক্ত ডেবিট বা ক্রেডিট কার্ডের মেয়াদ শেষ হলে কী হবে?
কোনো পরিবর্তনই হবে না। কার্ডটি এবং আপনার ছাড় OMNY-এর সাথে কাজ করা চলতে থাকবে।

উপরে ফিরে যান

60. FFOC কার্ডে যদি টাকা থাকে তাহলে কি মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরেও সেটি ব্যবহার করতে পারব?
না। মেয়াদ শেষ হওয়ার তারিখ পেরিয়ে যাওয়ার পরে আপনার OMNY কাজ করবে না। আপনার FFOC-এর মেয়াদ শেষ হয়ে গেলে, আপনার অবশিষ্ট টাকা ডাকযোগে আপনি যে নতুন কার্ড পান তাতে স্বয়ংক্রিয়ভাবে চলে যায়।

উপরে ফিরে যান

Fair Fares NYC প্রোগ্রাম সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন। Fair Fares NYC প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি nyc.gov/fairfares–এও যেতে পারেন।